

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।  
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০১.১২.০০৩.২৪- ১৬৬৮/১১

তারিখ: ২৫/০৩/২০২৬ খ্রি.

বিষয়: প্রোগ্রামার (গ্রেড-৬) / কম্পিউটার অপারেশন সুপারভাইজার (গ্রেড-৬) এর শূন্যপদে পদোন্নতির লক্ষ্যে ফিডার পদধারী সহকারী প্রোগ্রামার (গ্রেড-৯) / সিনিয়র কম্পিউটার অপারেটর (গ্রেড-৯)-দের তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৭.০৭.০০১.২০১৬-৩৮১; তারিখ: ১৬ নভেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরের আওতাধীন দপ্তর/প্রতিষ্ঠানে রাজস্বখাতে কর্মরত সহকারী প্রোগ্রামার (গ্রেড-৯) / সিনিয়র কম্পিউটার অপারেটর (গ্রেড-৯) পদ হতে প্রোগ্রামার (গ্রেড-৬) / কম্পিউটার অপারেশন সুপারভাইজার (গ্রেড-৬) এর শূন্যপদে পদোন্নতির লক্ষ্যে “মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (কর্মচারী) নিয়োগ বিধিমালা-২০২১” এবং “সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনাল নিয়োগ বিধিমালা, ২০১৯” অনুযায়ী পদোন্নতির ক্ষেত্রে শর্তপূরণকারী ও ফিডার পদধারী যোগ্যতাসম্পন্ন সহকারী প্রোগ্রামার/সিনিয়র কম্পিউটার অপারেটরদের-কে আগামী ২০/০৪/২০২৬ তারিখের মধ্যে নিম্নোক্ত তথ্য/কাগজপত্রাদি সংযুক্ত করে সংযুক্ত তথ্যছক পূরণপূর্বক ০৩ (তিন) প্রস্থ আবেদন নিম্নবর্ণিত নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে এ অধিদপ্তরে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**চাহিত তথ্য/কাগজপত্রাদি:**

- ১। পূরণকৃত তথ্যছক;
- ২। প্রকল্পে নিয়োগ ও যোগদান পত্রের কপি এবং অতীকৃত/রাজস্বখাতে পদায়ন ও যোগদান পত্রের কপি;
- ৩। চাকরি নিয়মিতকরণ ও স্থায়ীকরণের কপি;
- ৪। শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের ছায়াকপি;
- ৫। চাকরিরত অবস্থায় উচ্চতর শিক্ষা গ্রহণের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি পত্রের কপি;
- ৬। চাকরি ধারাবাহিকতা, চাকরি সন্তোষজনক এবং বিভাগীয়/ফৌজদারী/দুদকের মামলা সংক্রান্ত প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়নপত্র;
- ৭। বিগত ০৫ (পাঁচ) বছরের (২০২১-২০২৫) বার্ষিক গোপনীয় প্রতিবেদন (এসিআর)। উল্লেখ্য যে, ০১ সেট মূল কপি ও ০২ সেট ফটোকপি গালাসীলকৃত খামে থাকবে;
- ৮। প্রযোজ্য ক্ষেত্রে বর্তমান পদে পদোন্নতির আদেশ ও যোগদানের কপি;

**প্রয়োজনীয় নির্দেশনাবলী:**

- ১। নির্দিষ্ট তারিখের পরে কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না এবং প্রেরণ করলে পদোন্নতির জন্য বিবেচিত হবে না;
- ২। একই প্রতিষ্ঠানের একাধিক প্রার্থীর ক্ষেত্রে প্রত্যেকের তথ্য আলাদা আলাদা তথ্যছকে এবং আবেদন আলাদা আলাদা অগ্রায়নপত্রে প্রেরণ করতে হবে। অগ্রায়নপত্র প্রেরণের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধান নামাঙ্কিত সিল ও মোবাইল নম্বর প্রদান করবেন;
- ৩। আবেদনের সাথে প্রেরিত তথ্যাদি চাহিত তথ্যের সিরিয়াল মোতাবেক সংযুক্ত করে প্রেরণ করতে হবে;
- ৪। আবেদনের সাথে সংযুক্ত সমুদয় কাগজপত্র/তথ্যাদি প্রতিষ্ঠান প্রধানের নামাঙ্কিত সীলমোহর দ্বারা অবশ্যই সত্যায়িত করে প্রেরণ করতে হবে;
- ৫। পত্রে বর্ণিত বিষয়ে যারা ইতোপূর্বে আবেদন করেছিলেন তাদেরকেও তথ্যাদি হালনাগাদপূর্বক পুনরায় আবেদন প্রেরণ করতে হবে।



(প্রফেসর মোঃ শাহজাহান)

উপপরিচালক (সাধারণ প্রশাসন)

ফোন-০২৪১০৫২১৭৩

E-mail: dd-admin@dshe.gov.bd

বিতরণ: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়);

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন/ফিন্যান্স এন্ড প্রকিউরমেন্ট), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
- ৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)/পরিচালক, এইচএসটিটিআই (সকল)।
- ৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, (সকল অঞ্চল)।
- ৫। অধ্যক্ষ, সরকারি কলেজ/সরকারি টিচার্স ট্রেনিং কলেজ (সকল)।
- ৬। সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন-১, ২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
- ৭। জেলা শিক্ষা অফিসার (সকল)।
- ৮। সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
- ৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
- ১০। জনাব,.....।
- ১১। সংরক্ষণ নথি।

তথ্য ছক

দপ্তর/প্রতিষ্ঠানের নাম:  
প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বর:

ক্রমিক নং	আবেদনকারীর নাম, পদবি, কর্মস্থল ও জন্মতারিখ	শিক্ষাগত যোগ্যতা			নিয়োগের ধরন		প্রকল্পে নিয়োগপ্রাপ্ত হলে প্রকল্পে যোগদানের তারিখ ও পদের নাম	রাজস্বখাতে যোগদানের তারিখ	চাকরি নিয়মিতকরণের তারিখ (আদেশ জারীর তারিখ উল্লেখ করতে হবে	চাকরি স্থায়ীকরণের তারিখ	চাকরিকাল সন্তোষজনক কিনা?	বিভাগীয়/ফৌজদারী/ দুদকের মামলা আছে কিনা?	ফিডার পদে যোগদানের তারিখ	মন্তব্য
		পরীক্ষার নাম	প্রাপ্ত বিভাগ/জি পিএ	পাসের সন	প্রকল্প	সরাসরি								
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৬

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ

প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও তারিখ (সিলসহ)